

**বিএসসিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির সাথে কোম্পানির  
আইএসপি গ্রাহকগণের (স্টেকহোল্ডার) অবহিতকরণ সভার কার্যবিবরণী।**


সভাপতি : জনাব মোঃ আজম আলী  
ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিসিএল।  
সভার তারিখ : ০৮ ডিসেম্বর, ২০২২খ্রিঃ  
সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা  
স্থান : জুম প্লাটফর্ম  
উপস্থিতি : পরিশিষ্ট- ক সদয় দ্রষ্টব্য

সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিএসসিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার সভাপতি মহোদয় কোম্পানির বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির পরিপ্রেক্ষিতে সভায় অংশগ্রহণকারী কোম্পানির আইএসপি গ্রাহকগণের সহিত পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়। বিএসসিসিএল এর প্রদেয় সেবাসমূহ কিভাবে আরো সহজিকরণ করা যায় সে বিষয়ে সেবা গ্রহিতাদের নিকট থেকে সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদানের জন্য আহ্বান জানান। এ প্রেক্ষিতে সভায় পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিবিধ বিষয়ে উন্মুক্ত আলোচনা করা হয়।

সভায় আলোচনাতে সর্বসম্মতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক<br>নম্বর | আলোচ্য বিষয়  | আলোচনা / সিদ্ধান্ত  |
|-----------------|---|---|
| ০১              | বিএসসিসিএল-এর আইএসপি সেবার অন্তর্গত গ্রাহকগণের সেবা সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ে সন্তুষ্টি সংক্রান্ত | বিএসসিসিএল-এর আইএসপি গ্রাহকগণ কতৃক বিএসসিসিএলের আইপি ব্যান্ডউইডথ মানসম্পন্ন মর্মে অবহিত করা হয়। গ্রাহকগণ বিএসসিসিএলের NOC কতৃক প্রদত্ত ২৪/৭ সার্ভিসে সন্তুষ্টি প্রকাশ করে এবং ভবিষ্যতেও সেবার মান অক্ষুণ্ণ থাকবে বলে আশাবাদ ব্যক্ত করে। এ প্রেক্ষিতে সভার সভাপতি মহোদয় ভবিষ্যতেও গ্রাহক সেবার মান বজায় রাখার জন্য বিএসসিসিএলের সংশ্লিষ্ট শাখাকে সভা হতে নির্দেশনা প্রদান করেন। |
| ০২              | ঢাকা শহরে আরো PoP স্থাপন সংক্রান্ত  | ঢাকা শহরের কোন নির্দিষ্ট এলাকায় উল্লেখযোগ্য পরিমাণে আইএসপি ব্যান্ডউইডথের চাহিদা পাওয়া গেলে উক্ত এলাকায় PoP স্থাপন করার বিষয়টি বিবেচনা করা হবে।  |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৪.১২.২০২২  
(মোঃ শহিদুল ইসলাম)

আহবায়ক, বিএসসিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)  
প্রণয়ন, পরিবীক্ষণ ও হালনাগাদকরণসহ এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম  
বাস্তবায়নের নিমিত্ত গঠিত কমিটি

ও

মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বিএসসিসিএল।